

আদিবাসী সাহিত্যেও উন্মেষ চায় অ্যাকাডেমি

স্টাফ রিপোর্টার : আদিবাসী সাহিত্যে আরও উন্মেষ ঘটুক, তৎপর সাহিত্য একাডেমি। ভীম ভেটকার দেশ মধ্য প্রদেশ। ভোপালে অনুষ্ঠিত হল এশিয়ার বৃহত্তম সাহিত্য অনুষ্ঠান। উৎসবের উদ্বোধন করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। উপস্থিত ছিলেন মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান, এ রাজ্যের রাজ্যপাল গঙ্গুভাই প্যাটেল প্রমুখ। সাহিত্য একাডেমি আয়োজিত এই উৎসব বৃহস্পতিবার শুরু হয়। শেষ হল রবিবার। ১৩টি দেশের ১০৩ ভাষার ৫৭৫ জন কবি, সাহিত্যিক অংশগ্রহণ করেন। ছিলেন ভারতীয় ৮৩টি ভাষার প্রতিনিধি। বাংলা ভাষার প্রতিনিধিত্ব করেন সুবোধ সরকার, রামকুমার মুখোপাধ্যায়, শিবাশিস মুখোপাধ্যায়, অভিমন্যু মাহাত-সহ আরও



অনেকে। এই উৎসবে অশান্ত মণিপুর থেকে এসেও কবি, সাহিত্যিকরাও অংশ নিয়েছিলেন। সাহিত্য একাডেমির সচিব কে শ্রীনিবাসন রাও বলেন, “চার দিন ধরে এই উৎসবে ভারতের বহু আদিবাসী ভাষার কবি, লেখকরা যোগ দিয়েছেন। তাঁরা নিজের ভাষায় কবিতা, গল্প

পড়েছেন। আদিবাসী সাহিত্য চর্চা নিয়ে আলোচনা হয়েছে। শুধু তাই নয়, যেসব ভাষা দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে, যা আদিবাসী নয়, সেই সব ভাষার প্রতিনিধিরাও যোগ দিয়েছেন এই উৎসবে। আদিবাসী সাহিত্য চর্চাতে আরও উন্মেষ ঘটুক, এটাই চাই।”